বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
BANGLADESH WATER DEVELOPMENT BOARD

শৃংখলা পরিদপ্তর
পানি ভবন (লেভেল-৭)
৭২, গ্রীণরোড, ঢাকা-১২০৫
ফোন ঃ ০২২২২২৩০০৭৬
dir.discipline.bwdb@gmail.com
ওয়েব সাইট: www.bwdb.gov.bd

Directorate of Discipline
Pani Bhaban (Level-7)
72, Green Road, Dhaka-1205
Phone : 02222230076
dir.discipline.bwdb@gmail.com
Website: www.bwdb.gov.bd

নং- ৪২.০১.০০০০.০২৩.২৭.৩০৭.২২-৪৬২

তারিখঃ ০৩-০৯-১৪৩০ বঃ
১৮-১২-২০২৩ খ্রিঃ

## দপ্তরাদেশ

জনাব মোঃ গোলাম মোস্তফা (আইডি নং-৮৬০৯১২০০১), সাবেক কার্যসহকারী, পিরোজপুর পওর বিভাগ, বাপাউবো, পিরোজপুর বর্তমানে কার্যসহকারী ঝালকাঠি পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, ঝালকাঠি এর বিরুদ্ধে পিরোজপুর পওর বিভাগে কর্মরত থাকাকালীন ওয়াপদা কলোনী, সাগরদী, বরিশালে তার অনুকূলে বরাদ্দকৃত বাসায় নিজে অবস্থান না করে বাসা বরাদ্দ নীতিমালা-২০০৬ এর ব্যত্যয় ঘটিয়ে বাসাটি বহিরাগত ব্যক্তির নিকট ভাড়া প্রদান করেছেন। তার অনুকূলে বরাদ্দকৃত বাসাটি বাতিল করা হলে বাসাটি খালি না করে তিনি বহিরাগত লোক দিয়ে নির্বাহী প্রকৌশলী, বরিশাল পওর বিভাগকে হুমকি-ধামকি প্রদান করেছেন এবং কলোনীর পরিবেশ নষ্ট করেছেন। তাছাড়া তার অনুকূলে বরাদ্দকৃত বাসা বাতিল করায় তার ইন্ধনে ০৭.০৩.২০২২ খ্রিঃ তারিখে স্থানীয় কাউন্সিলর জনাব বুলু স্ব-শরীরে নির্বাহী প্রকৌশলীর অফিসে ঢুকে তাকে অশালীন ভাষায় গালি গালাজ এবং হুমকি-ধামকি প্রদান করা সংক্রান্ত অভিযোগে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ অনুযায়ী শৃংখলা পরিদপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩০৭.২২-১৫৪ তারিখ ১৮-০৫-২০২২ খ্রিঃ এর মাধ্যমে তার বিরুদ্ধে অভিযোগনামা প্রেরণ পূর্বক ১০ কার্যদিবসের মধ্যে আত্মপক্ষ সমর্থনে লিখিত বিবৃতি দাখিলের জন্যে নির্দেশনা প্রদান করা হয়।

২। জনাব মোঃ গোলাম মোস্তফা, কার্যসহকারী এর বিরুদ্ধে সূচিত কার্যধারায় উল্লিখিত অভিযোগের প্রেক্ষিতে তিনি লিখিত বিবৃতি দাখিল করেন। তার দাখিলকৃত লিখিত বিবৃতি পর্যালোচনান্তে কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত সিদ্ধান্ত মোতাবেক কার্যধারায় আনীত অভিযোগ তদন্ত করার জন্য অত্র দপ্তরের দপ্তরাদেশ নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩০৭.২২-২৩১ তারিখঃ ২৪/০৭/২০২২ খ্রিঃ এর মাধ্যমে একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তৎপ্রেক্ষিতে তদন্ত কর্মকর্তা তদন্ত প্রতিবেদন দাখিল করেন।

৩। তদন্ত কর্মকর্তার দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুষঙ্গিক সকল রেকর্ডপত্র পর্যালোচনান্তে জনাব মোঃ গোলাম মোস্তফা, কার্যসহকারী এর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় তার বেতন, সংশ্লিষ্ট বেতন স্কেলের ৩ (তিন) ধাপ নিম্নে অবনমিতকরণ দন্ড আরোপ করার বিষয়ে কর্তৃপক্ষ কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়।

৪। অতএব, কর্তৃপক্ষের উক্ত সিদ্ধান্ত মোতাবেক এতদ্বারা জনাব মোঃ গোলাম মোস্তফা, কার্যসহকারী, ঝালকাঠি পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, ঝালকাঠি এর উপর বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(ক)(উ) মোতাবেক তার বেতন, সংশ্লিষ্ট বেতন স্কেলের ৩ (তিন) ধাপ নিম্নে অবনমিতকরণ দন্ড আরোপ করা হলো।

৫। এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।

১৮/১২/২০২৩
(মোঃ নোমান ফরিদ)
পরিচালক
পরিচিতি নম্বর-৬৬০৮০৫০০২

নং- ৪২.০১.০০০০.০২৩.২৭.৩০৭.২২-৪৬২(৯)

তারিখঃ ০৩-০৯-১৪৩০ বঃ
১৮-১২-২০২৩ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

১। প্রধান প্রকৌশলী, দক্ষিণাঞ্চল, বাপাউবো, বরিশাল।
২। পরিচালক, কর্মচারী/হিসাব রক্ষণ/অডিট/অর্থ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা/ বরিশাল পওর সার্কেল, বাপাউবো, বরিশাল।
৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৫। সি, এস, ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৬। নির্বাহী প্রকৌশলী, পিরোজপুর পওর বিভাগ, বাপাউবো, পিরোজপুর/ঝালকাঠি পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, ঝালকাঠি।
৭। হিসাব রক্ষণ অফিসার, বরিশাল আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, বরিশাল।
৮। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাপাউবো, ঢাকা।
৯। জনাব মোঃ গোলাম মোস্তফা, কার্যসহকারী, ঝালকাঠি পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, ঝালকাঠি।

১৮/১২/২৩
(শেখ মোঃ আবদুল খালেদ)
উপ পরিচালক (চঃদাঃ)
পরিচিতি নম্বর-৭১১২১৬০০১

E:\Quddus\OO.Lower stage.docx22